



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ  
প্রশাসন-১ শাখা



অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।  
(জুলাই-সেপ্টেম্বর ২০২২ খ্রি:, ত্রৈমাসিক)

সভাপতি : মো: সাইদুর রহমান  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)  
তারিখ ও সময় : ২২ সেপ্টেম্বর ২০২২ খ্রি:, সকাল ১০.০০ টা  
স্থান : অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের অফিস কক্ষ  
(কক্ষ নং-১৬০৩, ১৬ তলা, ভবন নং-১১)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা নিম্নে প্রদান করা হলো :

- (১) ড. নাছিমা আকতার, যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ
- (২) জনাব মো: শওকত আলী, উপসচিব (বাজেট ও পরিকল্পনা-১), অর্থ বিভাগ
- (৩) সৈয়দ মুহাম্মদ কাওছার হোসেন, উপসচিব (প্রশাসন-১), অর্থ বিভাগ
- (৪) জনাব মো: জাকির হোসেন, উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি) ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক),  
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- (৫) জনাব মো: মিলন হোসেন, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, এফএসএমইউ, অর্থ বিভাগ
- (৬) জনাব আবদুল করিম, প্রোগ্রামার, এফএসএমইউ, অর্থ বিভাগ

২। উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি বলেন, অর্থ বিভাগে যে সকল অভিযোগ আসে সেগুলো যথাসময়ে নিষ্পত্তি করা বাঞ্ছনীয়। অর্থ বিভাগে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে কোন কোন অভিযোগ হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের সাথে সম্পৃক্ত থাকে। সেজন্য এবারের ত্রৈমাসিক সভায় হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের প্রতিনিধি হিসেবে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তাকে রাখা হয়েছে। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণও আলোচনায় অংশগ্রহণ করেন। অর্থ বিভাগে দাখিলকৃত অভিযোগসমূহের মধ্যে যেগুলোর অর্থ বিভাগের সংশ্লিষ্টতা থাকে না সেগুলো সংশ্লিষ্ট দপ্তর/কার্যালয়ে প্রেরণ করা হয়ে থাকে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অর্থ বিভাগ থেকে প্রতিমাসে নির্ধারিত ছকে মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিতভাবে প্রতিবেদন প্রেরণ করা হয়। গত ২০২১-২২ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর, ২০২১ ত্রৈমাসিকে মোট ১৭টি (হার্ডকপি-০ ও অনলাইন-১৭টি) অভিযোগ, অক্টোবর-ডিসেম্বর, ২০২১ ত্রৈমাসিকে মোট ২৪টি (হার্ডকপি-০ ও অনলাইন ২৪টি) অভিযোগ, জানুয়ারি-মার্চ, ২০২২ ত্রৈমাসিকে মোট ৪৫টি (হার্ডকপি-০ ও অনলাইন-৪৫টি) অভিযোগ, এপ্রিল ও মে ২০২২ মাসে মোট ৪৫টি অভিযোগ এবং জুন ও জুলাই ২০২২ মাসে মোট ৩৬টি অভিযোগ পাওয়া যায়, যার সবগুলোই নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হয়।


(অ: পৃ: দ্র:)

৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

৩.১। অনলাইনে প্রাপ্ত কোন কোন অভিযোগ হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়-এর সাথে সম্পৃক্ত থাকে। এ ধরনের অভিযোগসমূহ অনলাইন/ওয়েবসাইটের মাধ্যমে নিষ্পত্তি করার জন্য অর্থ বিভাগের সাথে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের লিংক দেওয়া প্রয়োজন। এ বিষয়ে সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩.২। অনলাইন/ওয়েবসাইটের মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ অনলাইনের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
22/3/22

(মো: সাইদুর রহমান)

অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.০৩.০০১.২২. ২৮৫

তারিখ : ২২/০৯/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, অভিযোগ ব্যবস্থাপনা শাখা, পরিবহন পুল ভবন, ৮ম তলা)
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ।
- ৪। যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা), অর্থ বিভাগ।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ।
- ৬। উপসচিব, বাজেট ও পরিকল্পনা-১, অর্থ বিভাগ।
- ৭। উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি), হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
- ৯। সভায় উপস্থিত কর্মকর্তা....., অর্থ বিভাগ।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ।  
(কার্যবিবরণীটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

  
সৈয়দ মুহাম্মদ কাওছার হোসেন  
উপসচিব 22/3/22  
ফোন : ২২৩৩৫৬০২৩